

চুয়েটে ক্লাস শুরু ৮ সেপ্টেম্বর

চুয়েট প্রতিনিধি

০৩ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) অ্যাকাডেমিক কার্যক্রম শুরু হচ্ছে আগামী ৮ সেপ্টেম্বর থেকে। গত রবিবার রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, আগামী ৮ সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়টির স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের সব অ্যাকাডেমিক কার্যক্রম যথারীতি শুরু হবে। এ ছাড়া জুগিত টার্ম ফাইনাল পরীক্ষাগুলো আগামী ১৫ সেপ্টেম্বর থেকে শুরু হবে। গত জুলাই মাসে সার্বজনীন পেনশন স্কিম বাতিলের দাবিতে শিক্ষকদের পূর্ণদিবস কর্মবিরতি শুরু হয়। এতে বন্ধ হয়ে যায় ক্লাস-পরীক্ষা। পরবর্তীতে কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে গত ১৭ জুলাই সব অ্যাকাডেমিক কার্যক্রম ও আবাসিক হল বন্ধ ঘোষণা করেন প্রশাসন।